বিদ্যালয়ের নেতৃত্ব

নেতৃত্ব বিষয়ক দৃষ্টিকোণ: স্কুল উন্নয়ন পরিকল্পনায় নেতৃত্বদান

Perspective on leadership: leading the school development plan

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

TESS-India-এর এই 20টি বিদ্যালয় লিডারশিপ OER (মুক্ত শিক্ষা সম্পদ) বিদ্যালয় নেতৃত্বের বোঝার শক্তি আর দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করার জন্য, যাতে তারা তাদের বিদ্যালয়ের শিখন ও শিক্ষণ পদ্ধতি উন্নত করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারেন। মূলতঃ এই ইউনিটগুলি বাস্তবমুখী, যাতে বিদ্যালয়ের কর্মী, শিক্ষার্থী ও অন্যান্যদের সাথে নিয়ে কার্যকলাপ সম্পাদন করতে হয়। সফল বিদ্যালয়সমূহের উপর করা গবেষণা ও শিক্ষা সংক্রান্ত অধ্যয়ন এগুলির ভিত্তি।

ইউনিটগুলো পাঠ করার কোন নির্দিষ্ট ক্রম নেই, তবে 'দ্য স্কুল লিডার অ্যাজ ইনেব্লার' থেকে শুরু করাই শ্রেয়, কারণ এখানে সমগ্র স্তবকের একটি অভিমুখ আছে। আপনি নির্দিষ্ট বিষয়ের সাথে সম্পর্কিত ইউনিটগুলি একসঙ্গে অধ্যয়ন করতে পারেন; এই ইউনিট সমগ্র ন্যাশনাল সেন্টার অব্ স্কুল লিডারশিপ কারিকুলাম ফ্রেমওয়ার্কের (ভারত) মূল বিষয়গুলির সঙ্গে সঙ্গতিপূর্ণ। এগুলি হলঃ 'বিদ্যালয়ের নেতৃত্ব দৃষ্টিকোণ'(1); 'পরিচালনা ও স্ব-উন্নয়ন' (2); 'শেখানো-শেখার প্রক্রিয়ার রূপান্তর' (3); এবং 'পরিচালনায় অংশীদারিত্ব' (6)। মূল বিষয় 4 ও 5 – উদ্ভাবন ও দলের নেতৃত্ব দান - বিভিন্ন ইউনিটে আলোচিত হয়েছে, তবে নির্দিষ্ট বিষয় হিসাবে নয়। কিছু কিছু ইউনিটে একটির বেশি মূল বিষয় আলোচিত হয়েছে।

এই বিভাগগুলি বিদ্যালয় নেতৃত্ব স্ব-অধ্যয়নের জন্য অথবা নেতৃত্বদান শেখানোর পাঠ্যক্রমের অংশ হিসাবে ব্যবহার করতে পারেন। দুই ক্ষেত্রেই একটি ব্যক্তিগত শিক্ষার ডায়েরি রাখা এবং অন্যদের সঙ্গে কার্যকলাপ ও কেস স্টাডি সংক্রান্ত আলোচনার মাধ্যমে শেখার অভিজ্ঞতা জ্ঞান করে নেওয়া লাভপ্রদ হয়। 'বিদ্যালয় নেতৃত্ব' শব্দটি এখানে প্রধান শিক্ষক, অধ্যক্ষ, শিক্ষক–প্রতিনিধি বা যিনি বিদ্যালয়ের নেতৃত্বের ভারপ্রাপ্ত - তাঁকে বোঝাতে ব্যবহৃত হয়েছে।

ভিডিও সম্পদসমূহ

এই আইকন নির্দেশ করে কোথায় কোথায় TESS-India স্কুল নেতৃত্ব ভিডিও সম্পদ আছে। এই ভিডিওগুলিতে ভারতীয় বিদ্যালয়ের নেতৃত্বরা জানিয়েছেন যে শেখানো এবং শেখার উন্নতির জন্য তাঁরা কিভাবে তাদের বিদ্যালয়ে পরিবর্তন আনছেন। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ ব্যবস্থা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে অনুপ্রাণিত করবে। ভিডিও-সম্পদগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে করা আপনার কাজকে আরও সম্পূর্ণ ও সমৃদ্ধ করা, কিন্তু যদি এগুলি উপলভ্য না হয়, সেক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-India ভিডিও সম্পদগুলি TESS-India ওয়েবসাইট http://www.tess-india.edu.in/ থেকে অনলাইনে দেখা যেতে পারে বা ডাউনলোড করা যেতে পারে। অথবা আপনি একটি সিডি বা মেমরি কার্ডেভিডিওগুলি পেতে পারেন।

TESS-India (বিদ্যালয়-ভিত্তিক সহায়তার মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ) প্রকল্পের বিষয়ে

TESS-India-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদ্ধতির উন্নতিতে বিদ্যালয় নেতৃত্ব আর শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস-এর রিসোর্সগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের অনুশীলন উন্নত করা। 105 টি TESS-India বিষয়ক OERs ভাষা, বিজ্ঞান এবং গণিত বিষয়ে বিদ্যালয়ের পাঠ্যপুস্তকের সাথে শিক্ষকদের সঙ্গ প্রদান করে। এগুলি শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য কার্যক্রম দেয়, আর একই সাথে শিক্ষকদের কিছু কেস স্টাডি দেয় যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে কিভাবে যোগসূত্র স্থাপন করেছেন শিক্ষকদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞান উন্নত করতে সাহায্য করার উদ্দেশ্যে।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য সমস্ত TESS-India OERs ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকরা সহযোগিতা করে লিখেছেন এবং এগুলি অনলাইনে এবং ছেপে ব্যবহারের জন্য পাওয়া যায় (http://www.tess-india.edu.in/)। OERs অনেক রূপে পাওয়া যায় এবং এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা ও প্রাসঙ্গিকতা অনুসারে OERsগুলি উপযোগী করে আঞ্চলিক ভিত্তিতে ব্যবহার করার জন্য ব্যবহারকারীদের অমন্ত্রণ করা হচ্ছে।।

TESS-India The Open University, UK দ্বারা পরিচালিত এবং UK সরকারের অর্থপ্রাপ্ত।

সংস্করণ 2.0 L15v1 West Bengal

তৃতীয়পক্ষের উপাদানগুলি বা নঅর্থায়বর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কনমস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

এই ইউনিটের বিষয়বস্তু

স্কুলের উন্নতিসাধনে উৎসাহদান বিষয়ক দু'টি ইউনিটের মধ্যে এটি দ্বিতীয়। এটি '*নেতৃত্ব বিষয়ক দৃষ্টিকোণ: স্কুলের স্ব-পর্যালোচনায় নেতৃত্বদান*' ইউনিটটির পরবর্তী অংশ। এই ইউনিটটির লক্ষ্য স্কুল উন্নয়ন পরিকল্পনার অগ্রগতি– স্কুলের উন্নতিসাধন চক্রের পর্যায় 5 এবং 6 (চিত্র 1)। একটি পর্যালোচনা সম্পন্ন করা হলে, স্কুলটি কী কী কাজ ভালভাবে করছে এবং কোন ক্ষেত্রগুলির উন্নতি করা প্রয়োজন সে সম্পর্কে স্কুল প্রধান ও স্কুল ম্যানেজমেন্ট কমিটি (SMC) অবগত হবেন। আপনি এবং আপনার নেতৃত্বকারী দলটি - তা একটি খুব ছোট স্কুলে অন্য একজন শিক্ষক, অথবা একটি বড় স্কুলে চার বা পাঁচ জন বরিষ্ঠ শিক্ষক যাই হোক না কেন - এই উন্নতিগুলি অর্জন করার জন্য একটি পরিকল্পনা তৈরি করতে সক্ষম হন। এই ইউনিটটি আপনাকে পরিকল্পনা প্রক্রিয়াটির মধ্য দিয়ে নিয়ে যাবে এবং আপনার পরিকল্পনাটির জন্য একটি টেমপ্লেট গড়ে তুলতে আপনাকে সাহায্য করবে।



চিত্র 1 স্ব-পর্যালোচনা চক্র (শিক্ষকদের জন্য পেশাদারী উন্নয়ন পরিষেবা (Professional Development Service for Teachers) থেকে অনুপ্রাণিত, তারিখহীন)।

লার্নিং ডায়েরী বা শিক্ষালাভের রোজনামচা

এই ইউনিটটির উপর কাজ করাকালীন আপনার শিক্ষালাভের রোজনামচা আপনাকে লিখতে বলা হবে – সেটা কোন বই বা ফোল্ডার হতে পারে – যেখানে আপনি আপনার ভাবনা-চিন্তা ও পরিকল্পনা এক জায়গায় নথিভুক্ত করবেন। হয়ত আপনি এর মধ্যেই এটা শুরু করে দিয়েছেন।

আপনি এই ইউনিটটিতে হয়ত একাই কাজ করছেন, কিন্তু যদি আপনি বিদ্যালয় নেতৃত্বের আরেকজনের সঙ্গে সঙ্গে আপনার শিক্ষা গ্রহণ সম্বন্ধে আলোচনা করতে পারেন, তাহলে আপনি অনেক বেশি শিখতে পারবেন। তিনি এমন কোন একজন সহকর্মী হতে পারেন যার সঙ্গে আপনি ইতিমধ্যেই সহযোগিতা করেন, অথবা এমন কেউ যার সঙ্গে আপনি নতুন সম্পর্ক গড়ে তুলতে পারেন। এটা আনুষ্ঠানিকভাবে বা সাধারণ ঘরোয়া আলাপ-আলোচনার মাধ্যমে হতে পারে। আপনার শিক্ষালাভের ডায়েরিতে আপনি যা লিখে রাখবেন তা এই ধরণের সাক্ষাৎকারে কাজে লাগবে, সঙ্গে সঙ্গে আরো দীর্ঘমেয়াদী শেখা ও উন্নতির খসড়াও তৈরি হয়ে যাবে।

স্কুল প্রধানরা এই ইউনিট থেকে কী শিখবেন

- একটি কার্যকর বিদ্যালয় পরিকল্পনা প্রক্রিয়ার প্রধান বৈশিষ্ট্যসমূহ;
- শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে বিদ্যালয়-ব্যাপী উন্নতিগুলির জন্য পরিকল্পনা করা;
- বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনায় স্টেকহোল্ডারদের এবং বিশেষ করে SMC-কে যুক্ত করা;
- একটি কার্যকর স্কুল উন্নয়ন পরিকল্পনা রচনা করা যেটি শিক্ষার্থীদের জন্য নিশ্চিত ভাবেই শ্রেয়।

1 স্কুল উন্নয়ন পরিকল্পনাটির সঙ্গে পরিচয় করানো

চিত্র 2 স্কুল উন্নয়ন পরিকল্পনাটি হল একটি স্কুলের উন্নতির জন্য প্রয়োজনীয় পরিবর্তনের পথনির্দেশ

একটি স্কুল উন্নয়ন পরিকল্পনা [school development plan (SDP)] স্কুলের উন্নতিসাধনের জন্য ভিত্তি এবং স্কুলের দর্শন ও দূরদৃষ্টি এতে প্রতিফলিত হওয়া উচিত। এটি আগামী সময়ের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে ও কাজগুলিকে তালিকাভুক্ত করা হয় - অনেক স্কুল একটি সাধারণ ত্রি-বার্ষিক পরিকল্পনা তৈরি করে যা সঙ্গে থাকে একটি আরো বিস্তারিত বাৎসরিক পরিকল্পনাও।।

SDP পরবর্তী স্কুল স্ব-পর্যালোচনাটিকে চালিত করে এবং জনসমাজকে দেখায় যে স্কুলটি শিক্ষার্থীদের জন্য সেরা সম্ভাব্য ফলাফল অর্জনের লক্ষ্যে কাজ করছে। প্রথম কেস স্টাডি এবং অ্যাক্টিভিটিটি ব্যাখ্যা করে যে কেন পরিকল্পনা করা গুরুত্বপূর্ণ।

কেস স্টাডি 1: উন্নয়ন পরিকল্পনা করা কেন গুরুত্বপূর্ণ

শ্রীমতী নাগারাজু একটি শহরের প্রাথমিক স্কুলের স্কুল প্রধান। অধিকাংশ স্কুল প্রধানদের মতো তিনিও খুব ব্যস্ত এবং তার কী কী কাজ করানো প্রয়োজন তা তাকে নিশ্চিতভাবে মনে করিয়ে দেওয়ার জন্য প্রতিদিন একটি 'কর্তব্য–তালিকা' আছে:

সোমবার:

1. ছাদ মেরামত করা সম্পর্কে জেলা কার্যালয়ে লিখতে হবে।
2. দেরী করে পড়াতে আসার বিষয়টি নিয়ে অমিতির (শ্রেণি II-এর শিক্ষিকা) সঙ্গে দেখা করতে হবে।
3. শ্রেণি V-এর ভ্রমণ সংক্রান্ত ঘটনাটি নিয়ে রক্ষীর মা-বাবার সঙ্গে দেখা করার চেষ্টা করতে হবে।
4. টিফিনের পরে স্কুলের চারপাশে ঘোরাফেরা করতে হবে (আপনার জন্য একটি লার্নিং ওয়াক) – পড়ানোর সময় আচরণের উপরে মনোযোগ দিতে হবে।
5. গত সপ্তাহের উপস্থিতির তালিকাগুলি যাচাই করতে হবে এবং জেলা কার্যালয়ের জন্য ফর্মটি পূরণ করতে হবে।
6. গত সপ্তাহের প্রতিটি চিঠির উত্তর দেওয়া হয়েছে তা সুনিশ্চিত করতে হবে।
7. দুরুমের (SMC-এর সভাপতি) সঙ্গে মিটিং ঠিক করতে হবে।
8. পরবর্তী ক্রস-কারিকুলার (একাধিক বিষয় অন্তর্ভুক্ত করা পাঠক্রম) দিবসটির জন্য শুমির পরিকল্পনা যাচাই করতে হবে।
9. নিশার বাবার কাছ থেকে পাওয়া অভিযোগটির জবাব দিতে হবে।
10. শুক্রবার ঘটা শ্রেণি IV-এর ঘটনাটি অনুসন্ধান করতে হবে।

প্রতিদিন শ্রীমতী নাগারাজুর একটি অনুরূপ তালিকা থাকে। অধিকাংশ ক্ষেত্রেই তাঁকে যা করতে হয় তা হল উদ্ভূত সমস্যাগুলির প্রতি সাড়া দেওয়া এবং প্রয়োজনীয় পরিচালনামূলক কাজগুলি সম্পূর্ণ করা।

অ্যাক্টিভিটি 1: পরিকল্পনা কেন?

সোমবারের জন্য শ্রীমতী নাগারাজুর তালিকা দেখুন।

- তালিকাটির কোন বিষয়গুলি অত্যাবশ্যক পরিচালনামূলক কাজ?
- তালিকাটির কোন বিষয়গুলি বিভিন্ন ঘটনাতে সাড়া দেওয়া?
- তালিকাটির কোন বিষয়গুলি শিক্ষাদান ও শিক্ষালাভে উন্নতি ঘটাতে পারে এমন কাজ?
- যদি তিনি খুব ব্যস্ত হন, তাহলে কোন বিষয়গুলি অসম্পন্ন থেকে যাওয়ার সম্ভাবনা আছে?

আপনার শিক্ষা সংক্রান্ত ডায়েরিতে সেই পরামর্শটি লিখুন যা আপনি শ্রীমতী নাগারাজুকে তার কাজগুলি পরিচালনায় সাহায্য করার জন্য দেবেন।

আলোচনা

আপনি উপলব্ধি করবেন যে দশটির মধ্যে আটটি হল অত্যাবশ্যক পরিচালনামূলক কাজ বা ঘটনাগুলির প্রতি সাড়া দেওয়া। লার্নিং ওয়াক করা (বিষয় 4) এবং পরের বিভিন্ন পাঠক্রমযুক্ত দিবসটির পরিকল্পনাগুলি যাচাই করা (বিষয় 8) – শুধু এই দুটি বিষয়ই শিক্ষার্থীদের শিক্ষায় প্রত্যক্ষ প্রভাব ফেলার সম্ভাবনা আছে। লার্নিং ওয়াকটি তাঁকে শিক্ষা সংক্রান্ত আচরণগুলি সম্পর্কে তথ্য সংগ্রহ করতে সমর্থ করবে, যাতে তিনি তার শিক্ষকদের আরো ভালভাবে সহায়তা করতে সমর্থ হন। বিভিন্ন পাঠক্রমযুক্ত দিবসটির জন্য পরিকল্পনাগুলি ভালভাবে এগোলেসেটা শিক্ষার্থীদের একটি ইতিবাচক অভিজ্ঞতা লাভ করতে সাহায্য করবে। বিষয় 4 এবং 8 জরুরী-নয়, তাই সহজেই অগ্রাহ্য করা যেতে পারে। কিন্তু শ্রীমতী নাগারাজুকে যদি তার স্কুলে শিক্ষাদান ও শিক্ষালাভের ক্ষেত্রে একটি পার্থক্য তৈরি করতে হয়, তাহলে এইসকল বিষয়কে আগ্রাধিকার দেওয়া উচিত। সেখানে কি এমন কোনো পরিচালনামূলক কাজ আছে যেগুলির কার্যভার তিনি অন্য কাউকে দিতে পারেন? শ্রেণি শিক্ষকরা কি বিষয় 5 ও 9-এর জন্য দায়িত্ব নিতে পারেন?

একজন স্কুল প্রধান হিসাবে, রোজকার ঘটনা এবং পরিচালনার কাজগুলির দ্বারা অভিভূত হওয়া সহজ। কখনো কখনো তুলনামূলক বড় সমস্যাগুলির উপর মনোযোগ দেওয়া এবং জটিল সমস্যাগুলির সমাধান করার জন্য সময় বের করা কঠিন হয়। SDP-এর উদ্দেশ্য হল আপনাকে কুশলী হতে, এবং সেইসকল কাজগুলিকে অগ্রাধিকার দিতে ও সনাক্ত করতে সাহায্য করা যেগুলি পরিশেষে শিক্ষাদান ও শিক্ষালাভে উন্নতি ঘটাবে। স্কুলের অন্যান্য ব্যস্ত শিক্ষকদের ক্ষেত্রে একই বিষয় প্রযোজ্য হবে। উন্নয়ন পরিকল্পনাটি আপনাদের সকলকে দীর্ঘ-মেয়াদী লক্ষ্যগুলির উপরে মনোযোগ বজায় রাখতে এবং সেই সব কাজগুলিকে অগ্রাধিকার দিতে সাহায্য করবে যা ঐ লক্ষ্যগুলি অর্জনের জন্য জরুরী।

স্কুলটির একটি পর্যালোচনা সম্পন্ন করে, আপনি এবং আপনার নেতৃত্বদানকারী দল (বা সহকর্মী শিক্ষকরা) সেই সকল বিষয়গুলি সনাক্ত করতে পারবেন যেগুলি আপনার স্কুলের উন্নতি করার জন্য আপনার করা প্রয়োজন। এগুলির অন্তর্ভুক্ত হতে পারে:

- প্রাথমিক স্কুলের পাঠ শেষে যে সকল শিক্ষার্থীরা সাবলীলভাবে পড়তে পারে তাদের সংখ্যা বৃদ্ধি করা
- স্কুল দিবসটির কাঠামো পরিবর্তন করা
- স্কুলে অবিরত এবং সর্বাঙ্গীণ মূল্যায়নের [continuous and comprehensive evaluation(CCE)] ব্যবহার বৃদ্ধি করা।

প্রথম ধাপটি হল কিছু অগ্রাধিকারবিশিষ্ট ক্ষেত্র সনাক্ত করা। এর জন্য স্টেকহোল্ডারদের সঙ্গে কথা বলতে হবে এবং স্কুলটির জন্য আপনাদের যৌথ দূরদৃষ্টির সঙ্গে নির্বাচিত অগ্রাধিকারগুলি সঙ্গতিপূর্ণ হওয়া উচিত। (*নেতৃত্ব বিষয়ক দূরদৃষ্টি: আপনার স্কুলের জন্য একটি সর্বজনীন দূরদৃষ্টি গড়ে তোলা* ইউনিটটি ও এই ইউনিটটির সঙ্গে মিলিতরূপে সহায়ক হতে পারে)।

আপনার দূরদৃষ্টি ও অগ্রাধিকারগুলি নির্ধারিত হলে, পরের ধাপটি হল সেই কাজগুলির পরিকল্পনা করা যেগুলি কাঙ্ক্ষিত পরিবর্তনগুলি নিয়ে আসতে পারে। উদাহরণস্বরূপ, যদি সম্মত অগ্রাধিকারটি হয় স্কুলদিবসের কাঠামোটি পরিবর্তন করা, তাহলে কাজগুলির অন্তর্ভুক্ত হতে পারে:

- স্কুল–দিবসের একটি বিকল্প সময়সূচির জন্য দুই বা তিনটি বিকল্প সনাক্ত করা;
- যে বিকল্পটি সবচেয়ে বেশি উপযুক্ত হওয়ার সম্ভাবনা আছে সেটি সনাক্ত করার জন্য শিক্ষক, শিক্ষার্থী এবং মা-বাবাদের সঙ্গে পরামর্শ করা;
- পছন্দের বিকল্পটির সঙ্গে মানানসই করে তোলার জন্য পুনরায় সময়সূচী লেখা এবং তারপর এটিকে কর্মচারী ও মা-বাবাদের অনুমোদনের জন্য উপস্থাপন করা;
- পরিকল্পনাটি শিক্ষার্থীদের জানানো এবং কোন তারিখ থেকে নতুন দিনটি শুরু হবে সেই সিদ্ধান্ত নেওয়া।

প্রতিটি কাজের জন্য দায়িত্ব নিতে কাউকে, সমাপ্ত করার জন্য একটি সময়সীমা এবং অগ্রগতি পর্যবেক্ষণ করার জন্য ব্যবহার করতে পারেন এমন কিছু মানদন্ড আপনার সনাক্ত করা উচিত। অ্যাক্টিভিটি 2 আপনাকে সুনির্দিষ্ট হতে সাহায্য করবে। 'ছাত্রীদের উপস্থিতি বৃদ্ধি করা' ধরনের বিষয়গুলি লেখা সহজ, কিন্তু কোনো একজন সুনির্দিষ্ট পদক্ষেপ না নিলে কিছুই ঘটবে না।

চিত্র 3 লক্ষ্য অর্জনে পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

অ্যাক্টিভিটি 2: লক্ষ্যগুলিকে কাজে পরিণত করা

'আমার স্কুলে ছাত্রীদের উপস্থিতি বৃদ্ধি করা' লক্ষ্যটি বিবেচনা করুন। আপনার শিক্ষা সংক্রান্ত ডায়েরিতে এমন চার বা পাঁচটি কাজ লিখুন যেগুলিকে এই লক্ষ্যটি অর্জনের দিকে এগিয়ে দেবে।

সম্পদ 1 একটি SDP-এর জন্য একটি টেমপ্লেট ঠিক করে। ইউনিটটির পরের দিকে এটি আরো বিস্তারিতভাবে বিবেচনা করা হবে, কিন্তু এখন এটি মনোযোগ সহকারে দেখুন যাতে আপনি জানতে পারেন যে আপনি কী লক্ষ্য নিচ্ছেন।

প্রথম ধাপটি হল স্কুলের জন্য অগ্রাধিকারগুলি সনাক্ত করা (সারণির প্রথম কলামটি)। স্ব-পর্যালোচনাটি প্রচুর ধারণা প্রদান করে থাকবে,

কিন্তু এগুলি আপনার স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা করা প্রয়োজন হবে।

2 স্টেকহোল্ডারদের সঙ্গে কাজ করা

স্কুলের নিরন্তর উন্নতিসাধন পরিকল্পনা করার জন্য SDP হল প্রধান মাধ্যম। এটি এখন শিক্ষামূলক আইনের অংশ এবং শিক্ষার অধিকার আইন 2009 (RtE)-এর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের বিকেন্দ্রীকরণ করে স্কুলকে সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব দেওয়ার জন্য সরকারের পদক্ষেপের একটি কেন্দ্রীয় অংশ। আইনটির বক্তব্য হল:

স্কুল ম্যানেজমেন্ট কমিটি নিম্নলিখিত কাজগুলি করবে,:—

a. স্কুলে কাজকর্মের উপর নজরদারী করা;
b. স্কুল উন্নয়ন কার্যক্রম প্রস্তুত ও সুপারিশ করা;
c. যথাযথ প্রশাসন বা স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে বা অন্য কোনো উৎস থেকে প্রাপ্ত অনুদানগুলির ব্যবহারেরর উপরে নজরদারী করা;
d. এই ধরনের অন্যান্য কাজগুলি নির্দেশ অনুসারে করা।

RtE 2009 স্কুল এবং সেগুলির SMC-গুলিকে আরো দায়বদ্ধ করে তুলেছে এবং সুনিশ্চিত করে যে, একটি দূরবর্তী শিক্ষা অফিসের পরিবর্তে তারা যেন তাদের স্কুলের শিক্ষার গুণমানের জন্য দায়িত্ব গ্রহণ করে। এছাড়াও বিকেন্দ্রীকরণের মাধ্যমে 'দক্ষতা ও একই সঙ্গে সিদ্ধান্ত-গ্রহণকারী প্রতিষ্ঠানগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধি করার জন্য এমন স্থান সৃষ্টি করা যায় যেখানে স্থানীয়-স্তরের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠানগুলি শিক্ষকদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে পারে' (NCERT, 2005)।

RTE 2009-এর অধীনে প্রতিটি স্কুল অবশ্যই একটি স্কুল উন্নয়ন কমিটি প্রতিষ্ঠা করবে যেটি SDP-এর একটি কার্যনির্বাহী সমিতি হিসাবে কাজ করতে পারে। কমিটিটি স্কুল প্রশাসন, শিক্ষা ও শিক্ষা-বহির্ভূত কর্মচারী, এবং জনসমাজের সদস্যদের সমন্বয়ে গঠিত হওয়া উচিত।

SDP একটি অনুমোদিত, সর্বজনীন নথি হওয়া উচিত। এটি মূলত স্কুল প্রধান এবং শিক্ষকদের দ্বারা গড়ে ওঠে, কিন্তু মা-বাবা, জনসমাজ এবং শিক্ষার্থীরা মূল্যবান অন্তর্দৃষ্টি প্রদান করবেন। চূড়ান্ত নথিটি SMC (মুখ্যত) বা SMDC (দ্বিতীয়ত)-এর দ্বারা অনুমোদিত হওয়া প্রয়োজন। মুখ্য স্টেকহোল্ডাররা হলেন আপনি এবং আপনার কর্মচারীগণ, SMC, মা-বাবারা, এবং শিক্ষার্থীরা।

SMC-এর সঙ্গে কাজ করা

SMC এবং স্কুলটির মধ্যে একটি কার্যকর সম্পর্ক গড়ে তোলার চাবিকাঠি হল অংশীদারিত্ব গড়ে তোলা। সম্পর্কটি পরস্পর নির্ভরশীল এবং, একজন স্কুল প্রধান হিসাবে আপনার SMC-র সঙ্গে আপনার একটি সুদৃঢ় সম্পর্ক গড়ে তোলা প্রয়োজন। এটি করার জন্য, আপনি যা করতে পারেন:

- নিয়মিতভাবে যোগাযোগ রাখা যাতে তারা একই গোষ্ঠীর অংশ বলে নিজেদের মনে করেন;
- সাফল্যগুলি উদযাপন করতে তাদের স্কুলে আমন্ত্রণ জানানো;
- তাদের পরামর্শ মনোযোগ দিয়ে শোনা;
- পাঠক্রম উন্নত করতে তাদের দক্ষতা ব্যবহার করা।

চিত্র 4 একটি SMC মিটিং।

অ্যাক্টিভিটি 3: একজন অত্যুৎসাহী বা দাম্ভিক সভাপতি

কোনো একটি SMC-তে মূল বিষয়টি হল আস্থা এবং অকপটতা ও সততার একটি বাতাবরণ প্রতিষ্ঠা করা। তবে, নিজের ক্ষমতা ও প্রভা খাটাতে চান এমন একজন অত্যুৎসাহী বা দাম্ভিক সভাপতির উপস্থিতি স্কুল প্রধানকে একটি চ্যালেঞ্জের সম্মুখীন করতে পারে।

নিচের অবস্থাটিতে আপনি কী করবেন সেই বিষয়ে ভাবুন এবং আপনার প্রাপ্ত ফলাফলগুলি আপনার শিক্ষা সংক্রান্ত ডায়েরিতে নথিবদ্ধ করুন।

> SMC র নতুন সভাপতি খুব অত্যুৎসাহী এবং ইতিমধ্যেই স্টেকহোল্ডার ও কিছু কর্মচারীর সঙ্গে অনেকগুলি মিটিং করেছেন। তিনি আরো বেশি করে পাঠক্রম-বহির্ভূত অ্যাক্টিভিটিগুলি করাতে প্রতিশ্রুতিবদ্ধ এবং ফলস্বরূপ, একটি বিস্তারিত পরিকল্পনা প্রস্তুত করেছেন যেটিতে তিনি আপনার অনুমোদন চান। আপনি কীভাবে সাড়া দেন?

আলোচনা

ইতিবাচক দিকটি হল, আপনি সভাপতির উদ্যম ও প্রতিশ্রুতিবদ্ধতাকে স্বীকৃতি দিতে চান, এবং পাঠক্রম-বহির্ভূত কার্যলাপগুলি উন্নত করার ব্যাপারে ইতিবাচক হতে চান।

তবে, আপনাকে আরো ভালভাবে দলগত কাজ করতে হবে এবং সভাপতির সঙ্গে যোগাযোগ রাখতে হবে যাতে অ্যাক্টিভিটিগুলি বিচ্ছিন্নভাবে এবং সম্ভবত পরস্পর বিরোধী উপায়ে সম্পন্ন না হয়। পাঠক্রম-বহির্ভূত অ্যাক্টিভিটিগুলি সম্পর্কে আপনার কাছে তথ্য এবং একটি দৃষ্টিভঙ্গি থাকবে, এবং যে কোনো পরামর্শ যেন একটি বিবেচিত পন্থার উপর ভিত্তি করে করা হয় তা নিশ্চিত করতে চাইবেন - তবে শুধুমাত্র সেইসব ব্যক্তির সঙ্গে কথা বলার মাধ্যমে নয় যারা হয়ত তাদের দলগুলির প্রতিনিধি নন।

এই ক্ষেত্রটিতেই একটি SDP থাকা সহায়ক হয়। পাঠক্রম-বহির্ভূত যে–কোনো বিভাগের উপরে আলোকপাত করে এবং সভাপতির পরিকল্পনার সঙ্গে সমাপতনটি খতিয়ে দেখে, আপনাকে পরিকল্পনাটির প্রতি সভাপতির মনোযোগ আকর্ষণ করতে হবে। এটি যদি এমন কিছু হয় যা পরিকল্পনাটিতে নেই (কারণ সেখানে ইতিমধ্যেই এমন কিছু অ্যাক্টিভিটি করা হচ্ছে যেগুলি সম্পর্কে তিনি নাও জানতে পারেন), তাহলে স্কুলের উন্নতিসাধন চক্রটি ব্যাখ্যা করুন এবং পাঠক্রম-বহির্ভূত কার্যলাপগুলির একটি পর্যালোচনা করার জন্য তাঁকে আমন্ত্রণ জানান।

স্কুল প্রধান বা SMC সভাপতি কারোরই একা পরিকল্পনাগুলি প্রস্তুত করা উচিত নয় - সকল নতুন উদ্যোগই মিলিত দূরদৃষ্টি, স্ব-পর্যালোচনা এবং অনুমোদিত উন্নয়ন পরিকল্পনার প্রসঙ্গে বিবেচিত হওয়া উচিত।

আপনার কর্মচারীদের সঙ্গে কাজ করা

ভিডিও: বিদ্যালয়ের নেতৃত্ব - শিক্ষকদের নেতৃত্ব দেওয়া

SDP-তে সনাক্ত করা কাজগুলি সম্পাদনের জন্য আপনি এবং আপনার কর্মচারীরা দায়িত্বশীল থাকবেন। আপনার দৃষ্টিকোণ থেকে, কার্যভার অর্পণ করা গুরুত্বপূর্ণ হবে কিন্তু আপনার নিশ্চিত করা প্রয়োজন যে আপনার শিক্ষকরা উন্নয়ন পরিকল্পনা প্রক্রিয়াটিতে যুক্ত আছেন। কেস স্টাডি 2 দেখায় যে শ্রী শাহ তার শিক্ষকদের মধ্যে একজনের উদ্বেগগুলি অগ্রাহ্য করায় কী ঘটেছিল।

কেস স্টাডি 2: শ্রী শাহ অনেক কষ্ট করে শেখেন

শ্রী শাহ একটি স্কুলের স্কুল প্রধান যেখানে VIII–X শ্রেণিগুলি আছে। তিনি SMC মিটিংয়ে উপস্থিত থাকেন।

আমি *SMC* মিটিংয়ের ব্যাপারে বিচলিত ছিলাম কারণ আমরা *SDP* সম্পর্কে আলোচনা করতে চলেছিলাম। বাকি কর্মচারীরা এবং আমি পরিকল্পনাটি নিয়ে উত্তেজিত ছিলাম যেহেতু আমাদের কাছে কতগুলি যথেষ্ট মৌলিক বিষয় ছিল। বিশেষ করে, আমরা সম্মত হয়েছিলাম যে একটি পর্বে দু'বার, আমরা সময়সূচি থেকে এক দিন করে ছুটি নেব এবং একটি ভিন্ন পাঠক্রমযুক্ত দিবস আয়োজন করব। এটি শিক্ষার্থীদের সম্প্রসারিত প্রকল্পগুলি নিতে এবং সেইসকল গুরুত্বপূর্ণ পরিবেশগত ও সামাজিক বিষয়গুলি বিবেচনা করতে সমর্থ করবে যা পাঠক্রমের বিষয়গুলির সীমানা অতিক্রম করে। অধিকাংশ পাঠ্যবইতে বইয়ের পিছন দিকে এই ধরণের বিষয়ের উপর অধ্যায়গুলি থাকে এবং সেখানে বিষয়গুলির মধ্যে যথেষ্ট পরিমাণ সমাপতন ঘটে। আমাদের স্থির বিশ্বাস ছিল যে আমরা যথেষ্ট পরিমাণ সময় বাঁচাতে সমর্থ হব।

আমরা যখন পরিকল্পনাটির সেই অংশটিতে এসেছিলাম, তখন মা-বাবা প্রতিনিধিদের মধ্যে তিনজন গুরুতর উদ্বেগ প্রকাশ করেছিলেন এবং যুক্তি দিয়েছিলেন যে আমাদের মূল বিষয়গুলির উপর মনোযোগ দেওয়া উচিত। মিটিংটির মাঝপথে, আমার মনে পড়ে গিয়েছিল যে তাদের মধ্যে দুজনের সন্তানরা শ্রী রাউলের শ্রেণিতে আছে। শ্রী রাউল একজন বিজ্ঞানের শিক্ষক এবং তিনি এই পরিবর্তনের বিরোধিতা করছিলেন। কর্মচারী মিটিংটি সম্পর্কে ফিরে চিন্তা করে আমার মনে পড়েছিল যে কিছু অত্যুৎসাহী শিক্ষক চিৎকার করে তাঁকে থামিয়ে দিয়েছিলেন এবং তারপর থেকে তিনি খুব চুপচাপ ছিলেন। আমার সন্দেহ হয়েছিল যে তিনি মা-বাবাদের সঙ্গে কথা বলেছিলেন এবং পরিকল্পনাটি ভেস্তে দেওয়ার একটি উপায় হিসাবে তাদের ব্যবহার করছিলেন।

এটি একটি খুবই সমস্যার মিটিং ছিল এবং ক্রস-কারিকুলার দিবসগুলি কীভাবে শিক্ষায় সহায়তা করবে তা কমিটির কাছে স্পষ্টভাবে বর্ণনা করে, কীভাবে সেগুলি কাজ করবে সে সম্পর্কে আরো বিস্তারিত একটি পরিকল্পনা তৈরি করার ব্যাপারে পরিশেষে আমাকে রাজী হতে হয়েছিল। আমি মনস্থ করেছিলাম যে আমি শ্রী রাউলের কাছ থেকে এটা করার জন্য সাহায্য নেব।

পুরো ঘটনাটি আমাকে এই উপলব্ধি দিয়েছিল যে যারা নিজেদের অকিঞ্চিৎকর ও অবহেলিত বোধ করবেন তারা যথেষ্ট বিপত্তিকর হতে পারেন। কর্মচারী মিটিংয়ে শ্রী রাউলের উদ্বেগগুলি যাতে গুরুত্ব সহকারে গ্রহণ করা হয় তা আমার নিশ্চিত করা উচিত ছিল এবং এর পরে আমার তার সঙ্গে অবশ্যই কথা বলা এবং তাকে অবিলম্বে দলে নেওয়ার চেষ্টা করা উচিত ছিল।

একজন স্কুল প্রধান হিসাবে আপনি নিয়মিত কর্মচারী মিটিংগুলির আয়োজন করবেন। অন্যতম চ্যালেঞ্জটি হল পরিচালনামূলক কাজ সম্পন্ন করার তুলনায় সমস্যাগুলি নিয়ে আলোচনা করার জন্য সময় বের করা। আপনি একটি উপায় অবলম্বন করতে পারেন যা হল SDP-র সময়সীমার উপর ভিত্তি করে, আলোচ্য বিষয়সূচিটি অগ্রিম পরিকল্পনা করা।

অভিভাবকদের সঙ্গে কাজ করা

মা-বাবারা যে কোনো স্কুলের একটি প্রকৃত সম্পদ, যদি আপনি তাদের সহায়তা কাজে লাগাতে পারেন। আপনার এবং আপনার শিক্ষকদের দ্বারা SDP সম্পন্ন হবে, কিন্তু স্ব-পর্যালোচনা প্রক্রিয়া এবং অগ্রাধিকারগুলি সম্পর্কে আলোচনাগুলিতে মা-বাবাকে যুক্ত করতে প্রস্তুত থাকুন।

ক্ষমতা, তা যেখানেই থাকুক, অপব্যবহার করা হতে পারে। স্কুলে রাজনৈতিক সমস্যাগুলি ঢুকে পড়তে পারে এবং কিছু মা-বাবা এমন কিছু বিষয়ের পক্ষে সওয়াল করতে পারেন যেগুলি তাঁদের কাছে ব্যক্তিগতভাবে প্রাসঙ্গিক এবং তা বৃহত্তর দলটির সেরা স্বার্থে নাও হতে পারে। কিছু জনসমাজে, মা-বাবাদের দলগুলি উন্নতি করার তুলনায় বিষয়গুলি যেমন আছে তেমনভাবেই রেখে দেওয়ার ব্যাপারে বেশি উদ্বিগ্ন হতে পারেন। স্কুল প্রধানকে অবশ্যই এই ধরনের সমস্যাগুলির প্রতি সজাগ থাকতে হবে এবং স্থানীয় জনসমাজ ও তার নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে ফলপ্রসূভাবে কাজ করার সেরা উপায়গুলি সন্ধানের জন্য নেতৃত্বদানের দক্ষতাগুলি ব্যবহার করতে হবে।

ভিডিও: বিদ্যালয়ের নেতৃত্ব – মা-বাবাদের জড়িত করা

কেস স্টাডি 3: শ্রী মেগানাথন SMC-এর সঙ্গে দেখা করেন

শ্রী মেগানাথন একটি ছোট মাধ্যমিক স্কুলের স্কুল প্রধান। SMC-তে মা-বাবাদের পাঁচজন প্রতিনিধি ছিলেন। তিনি SMC-এর সঙ্গে একটি মিটিংয়ের বিবরণ দেন।

আমি একটি যথেষ্ট প্রগতিশীল স্কুল পরিচালনা করি। আমাদের দু'জন সুযোগ্য বিজ্ঞান ও গণিতের শিক্ষক আছেন। গত বছর আমরা আরো বেশি ছাত্রীদের বিজ্ঞান ও ইঞ্জিনীয়ারিং পড়তে সক্রিয়ভাবে উৎসাহ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম। শ্রেণি VIII-এর সকল ছাত্রীদের কাঠের কাজ শেখার এবং ছাত্রদের রান্না ও নিজেদের জামাকাপড় সেলাই করতে শেখার সুযোগ দেওয়ার সিদ্ধান্ত আমরা নিয়েছিলাম। ছাত্রীরা কাঠের কাজ উপভোগ করেছিল এবং আমরা আশা করছি যে এটি দরকারী জিনিসপত্র তৈরি করার জন্য তাদের সৃজনশীলতাকে কাজে লাগানোর ব্যাপারে উৎসাহ দেবে।

SMC মিটিংটিতে অনেকগুলি নতুন মুখ ছিল কারণ মা-বাবাদের পাঁচজন নতুন প্রতিনিধির জন্য সম্প্রতি একটি নির্বাচন হয়েছিল। আমি আলোচ্য বিষয়সূচিতে সভাপতির যুক্ত করা একটি বিষয় দেখে অবাক হয়েছিলাম: 'কারুশিল্প বিষয়সমূহ'। যখন আমরা সেই বিষয়টিতে পৌঁছেছিলাম, তখন নতুন মা-বাবা প্রতিনিধিদের একজন ব্যাখ্যা করেছিলেন যে তার মতে, কাঠের কাজ বা ইঞ্জিনীয়ারিং শেখা ছাত্রীদের জন্য যথাযথ নয়, এবং ছাত্রদের রান্না বা সেলাই শেখার প্রয়োজন নেই। তিনি প্রস্তাব করেছিলেন যে পাঠক্রমটি পরিবর্তন করা হক যাতে কারুশিল্প বিষয়গুলির জন্য শিক্ষার্থীদের আলাদা করা যায়।

সেখানে একটি খুবই উত্তপ্ত আলোচনা হয়েছিল, যেখানে প্রস্তাবটির পক্ষে শঙ্কাজনক পরিমাণে সমর্থন উঠে এসেছিল। এটি মনে হয়েছিল যে

ব্যক্তিদের মধ্যে কেউ কেউ যারা প্রাথমিকভাবে পরিকল্পনাটিকে সমর্থন করেছিলেন তারা তাদের মন পরিবর্তন করছিলেন। আমি খুবই উদ্বিগ্ন ছিলাম। অবশেষে, আমি একটি পদ্ধতিগত অজুহাত দিতে সমর্থ হয়েছিলাম; বিষয়টি আনুষ্ঠানিক আলোচ্যসূচির অন্তর্গত নয় এবং যুক্তিগুলি দেখিয়ে এটির সঙ্গে একটি কাগজ পেশ করা উচিত ছিল যাতে কমিটির সদস্যরা সেগুলি আগেই দেখার সুযোগ পেতেন। সভাপতি সম্মত হয়েছিলেন যে এটি পরের মিটিংয়ে আলোচনা করা হবে।

পরের কয়েকটি সপ্তাহে ধরে আমি একটি মুক্ত সন্ধ্যার আয়োজন করেছিলাম যেখানে শ্রেণি VIII-এর শিক্ষার্থীরা তাদের দক্ষতাগুলি দেখিয়েছিল এবং কেন তারা কাঠের কাজ (ছাত্রীরা) এবং রান্না ও সেলাই (ছাত্ররা) করতে আনন্দ পায় সে সম্পর্কে উপস্থিত ব্যক্তিদের সঙ্গে কথা বলেছিল। অনুশীলনগুলিতে তোলা ফটোগ্রাফগুলির পাশাপাশি তাদের তৈরি করা জিনিসপত্রগুলিকেও আমরা হলঘরে প্রদর্শন করেছিলাম। অনুশীলনগুলি পর্যবেক্ষণ করার জন্য আমি মা-বাবাদেরও আমন্ত্রণ জানিয়েছিলাম। আমার প্রচার অভিযানটি সফল হয়েছিল এবং পরের মিটিংয়ে, কমিটির যথেষ্ট সংখ্যক সদস্য প্রস্তাবটির বিরুদ্ধে ভোট দিয়েছিলেন।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- এই কেস স্টাডির প্রতি আপনার প্রতিক্রিয়া কী?
- আপনার নিজের SMC-এর বিষয়ে চিন্তা করুন। আপনি তাদের অবগত রাখার জন্য কী করেন?
- আপনার SMC-তে কি কোনো সমস্যাজনক ব্যক্তি আছেন? যদি তাই হয়, আপনি তাদের সঙ্গে কীভাবে কাজ করেন?

যেহেতু SMC-র সঙ্গে যোগাযোগ রাখাই হল মূল কথা, স্কুলে কী ঘটছে সে সম্পর্কে মা-বাবাকে অবগত রাখলে আপনি তাদের কর্মশক্তি ও উৎসাহ কাজে লাগাতে সমর্থ হবেন, এবং তারা যে আপনার লক্ষ্য ও অগ্রাধিকারগুলি বোঝে তা নিশ্চিত করবেন।

SDP-তে শিক্ষার্থীদের অবদান

শিক্ষার্থীরা স্কুল জীবনের অধিকাংশ দিকে, বিশেষকরে শিক্ষাদান ও শিক্ষালাভের প্রক্রিয়াটিতে অনেক অন্তর্দৃষ্টি প্রদান করতে পারে। স্ব-পর্যালোচনায় শিক্ষার্থীদের যুক্ত করার ধারণাটি তাদের নিজেদের ও আপনার কর্মচারীদের উভয়ের কাছেই সম্পূর্ণ নতুন হতে পারে। তবে, তাদের মতামতগুলি উদ্ভূত হওয়া SDP-র গুণমান উন্নত করবে। আপনি স্কুলে ঘোরাফেরা করার সময়ে তাদের সঙ্গে কথা বলে এবং স্কুল জীবনের নানা দিকগুলি সম্পর্কে নিয়মমাফিক সমীক্ষাগুলি করার মাধ্যমে এটি করতে পারেন।

আপনি শিক্ষার প্রতি আরো অংশগ্রহণমূলক পদক্ষেপ গড়ে তোলার সঙ্গে সঙ্গে আপনার স্কুলে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে সম্পর্কগুলি আরো গণতান্ত্রিক হয়ে উঠবে। (এটি সম্পর্কে আরো জানতে, এবং আপনি যে স্তরের স্কুলে পড়ান সেটির উপর নির্ভর করে, *শিক্ষাদান-শিক্ষালাভ প্রক্রিয়াকে রূপান্তরিত করা: প্রাথমিক স্কুলে শিক্ষাদান-শিক্ষালাভের উন্নতিসাধনে নেতৃত্বদান* বা *শিক্ষাদান-শিক্ষালাভ প্রক্রিয়াকে রূপান্তরিত করা: মাধ্যমিক স্কুলে শিক্ষাদান-শিক্ষালাভের উন্নতিসাধনে নেতৃত্বদান* ইউনিটগুলি দেখুন।) শিক্ষার্থীদের নিজেদের মতামত প্রকাশ করার আত্মবিশ্বাস থাকবে এবং আপনি একটি 'শিক্ষার্থী কাউন্সিল' প্রতিষ্ঠা করার কথা বিবেচনা করতে পারেন যাতে স্কুল জীবনের নানা দিকগুলি আলোচনা করতে শিক্ষার্থীদের জন্য একটি আলোচনাস্থান প্রদান করা যায় (শিক্ষার্থী কাউন্সিল সহায়তা, তারিখবিহীন)।

3 SDP লেখা এবং পর্যবেক্ষণ করা

একটি SDP-এর জন্য সাধারণ নির্দেশাবলী নিচে দেওয়া হল (আমেরিকান ইন্ডিয়া ফাউন্ডেশন, 2011, পৃ. 43):

- প্রতিটি স্কুলে একটি SDP থাকা উচিত।

- SMC-এর একটি উপ-কমিটির দ্বারা SDP প্রস্তুত করা হবে।
- একটি ত্রি-বার্ষিক পরিকল্পনা, সঙ্গে একটি বিস্তারিত কার্য পরিকল্পনা, প্রস্তুত করা উচিত।
- পরিকল্পনাটি MHRD, ভারত সরকারের কাছে জমা দেওয়ার আগে ক্লাস্টার, ব্লক ও পরিশেষে জেলা পরিকল্পনাগুলিতে অন্তর্ভুক্ত করার জন্য অনেক আগে থেকেই যথাযথ প্রণালীর মাধ্যমে, রাজ্য কর্তৃপক্ষের সুপারিশ অনুযায়ী একটি মনোনীত কর্তৃপক্ষের কাছে পাঠানো উচিত।
- পরিকল্পনাটিতে অবশ্যই এমন অংশগুলি থাকতে হবে যেগুলির জন্য অর্থের প্রয়োজন নাও হতে পারে, এবং সেইসকল অ্যাক্টিভিটিগুলিকে অন্তর্ভুক্ত করা উচিত যেগুলি জনসমাজের সাহায্য নিয়ে সম্পূর্ণ করা যেতে পারে।

চিত্র 5 একটি সফল SDP-এর জন্য সহযোগিতা প্রয়োজন হয়।

SDP একটি সরকারী নথি, তাই আপনি যাতে অবাস্তব লক্ষ্যগুলি স্থির না করেন এবং সহজেই সম্পন্ন করা যেতে পারে এমন কাজগুলি সনাক্ত করেন তা নিশ্চিত করুন। রিসোর্স 1-এ প্রদত্ত টেমপ্লেটগুলি এই ক্ষেত্রে সাহায্য করতে পারবে, যেহেতু এটি আপনাকে প্রতিটি উচ্চাকাঙ্ক্ষাকে নিয়ন্ত্রণযোগ্য ছোট ছোট অংশে ভেঙে ফেলতে উৎসাহ দেয়। পরিকল্পনাটির প্রধান বিভাগগুলি টেমপ্লেটটির এক থেকে ছয় কলামগুলিতে আছে, যা নিচে তালিকাভুক্ত করা হয়েছে:

1. **প্রধান অগ্রাধিকারের ক্ষেত্রগুলি:** এগুলিতে স্কুলটির জন্য যৌথ দূরদৃষ্টিটি প্রতিফলিত হওয়া উচিত এবং কর্মচারী ও SMC-র এই বিষয়ে একমত হওয়া প্রয়োজন। এইসকল আলোচনাগুলিতে তথ্য জ্ঞাপনের জন্য স্ব-পর্যালোচনার নথিপত্রগুলি প্রমাণ প্রদান করবে। আপনি যা চান তার সবকিছু অর্জন করতে পারার সম্ভাবনা কম থাকে – তাই একটি সুস্পষ্ট দূরদৃষ্টি থাকা গুরুত্বপূর্ণ, যাতে আপনারা একসাথে অগ্রাধিকারগুলি সনাক্ত করতে পারেন।
2. **কাজগুলি:** আপনাকে এবং আপনার শিক্ষকদেরকে এই কলামটি সম্পূর্ণ করতে হবে। আপনি কীভাবে এটি করবেন তা নির্ভর করবে সমস্যাটি এবং আপনার নেতৃত্বদান শৈলীর উপর। কিছু সমস্যার জন্য, যদি আপনার শিক্ষকরা যথাযথ পদক্ষেপগুলি শনাক্ত করেন যাতে তারা নিজেরা সেগুলির দায়িত্ব নিতে পারেন ভালো হয়। অন্যগুলির ক্ষেত্রে, পদক্ষেপগুলি শনাক্ত করা এবং সেগুলিকে অনুমোদনের জন্য পেশ করা আপনার জন্য উপযুক্ত হবে।
3. **কে সেই কাজটি সম্পূর্ণ করার দায়িত্ব গ্রহণ করবেন:** এটির জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে মধ্যস্থতা করার প্রয়োজন হবে।

4. **কাজটির জন্য সময়সীমা:** কলাম 3-এ নামাঙ্কিত ব্যক্তিটি যে দায়বদ্ধ আছেন এটি তাঁর উপর জোর দিতে সাহায্য করবে। যে-কোনো বিলম্ব সম্পর্কে SMC-এর কাছে ব্যাখ্যা দিতে হবে।
5. **যে সম্পদগুলি প্রয়োজন হবে:** যদি এগুলি পাওয়া না যায়, তাহলে পরিকল্পনাটির সাফল্য ঝুঁকির সম্মুখীন হবে। যথাযম্ভব প্রারম্ভিক পর্যায়ে সম্পদগুলিকে সনাক্ত করা প্রয়োজন যাতে প্রয়োজন হলে বাইরে থেকে সাহায্য পাওয়ার জন্য কাজ শুরু করা যেতে পারে।
6. **পরিকল্পনাটি পর্যবেক্ষণ করার জন্য একটি ভিত্তি:** পদক্ষপগুলি গৃহীত হয়েছে এবং পরিকল্পনাটি কাজ করছে, তা সুনিশ্চিত করতে আপনি কীভাবে সমর্থ হবেন সে সম্পর্কে চিন্তাভাবনা করতে এটি আপনাকে উৎসাহিত করে। এছাড়াও এই কলামে সনাক্ত করা অ্যাক্টিভিটিগুলি পরের দফার স্ব-পর্যালোচনাটিতে তথ্য জ্ঞাপন করবে।

পরিকল্পনাটি সম্পূর্ণ হওয়া এবং SMC-এর দ্বারা অনুমোদিত হওয়ার পরে, আপনাকে নিয়মিত ভিত্তিতে অগ্রগতি সম্পর্কে রিপোর্ট জানাতে হবে।

অবশ্যই, পরিকল্পনাটি নয়, বরং প্রক্রিয়াটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। আপনি এবং আপনার শিক্ষকরা কী করছেন এবং কেন সে সম্পর্কে অনেক সুগঠিত কথোপকথনের জন্য পরিকল্পনাটি ভিত্তি প্রদান করে। জনসমাজের সকল সদস্য যে একসঙ্গে কাজ করছেন এটি তা সুনিশ্চিত করে। যদি কেউ পরিকল্পনাটিকে চ্যালেঞ্জ জানাতে চান, তাহলে তিনি SMC-র মাধ্যমে তা করতে পারেন।

অ্যাক্টিভিটি 4: টেমপ্লেটটি নিয়ে কাজ করা

এই কাজটি আপনার সহকারী, একজন বরিষ্ঠ শিক্ষক বা অন্য স্কুল প্রধানের সঙ্গে সম্পূর্ণ করা উচিত। আপনার স্কুলে আপনি যে সমস্যার মোকাবিলা করতে চান সেটি বেছে নিন। রিসোর্স 1-এর ফাঁকা টেমপ্লেটটি ব্যবহার করে, সেই নির্দিষ্ট সমস্যাটির জন্য টেমপ্লেটটি সম্পূর্ণ করতে একসাথে কাজ করুন।

কাজটি সম্পর্কে একসাথে ভাবুন:

- এটি করা কি সমস্যাজনক ছিল?
- টেমপ্লেটটি কি আপনার চিন্তাভাবনাকে সংগঠিত করতে সাহায্য করেছিল?
- আপনার SMC-এর সভাপতি আপনার পরিকল্পনাটির প্রতি কেমন প্রতিক্রিয়া জানাবেন বলে আপনি মনে করেন?

আপনার শিক্ষা সংক্রান্ত ডায়েরিতে আপনার উত্তরগুলি লিখুন।

4 সারসংক্ষেপ

বছরটির জন্য এবং তারপরে কীভাবে SDP একটি পথনির্দেশ প্রদান করে এই ইউনিটটি তা ব্যাখ্যা করেছে। স্টেকহোল্ডারদের সঙ্গে পরামর্শ করে এটি সবচেয়ে ভালভাবে গড়ে তোলা যায় এবং শিক্ষার প্রসার ঘটানো ও স্কুলের উন্নতি করার জন্য এটি একটি শক্তিশালী মাধ্যম। রিসোর্স 1-এ প্রদত্ত টেমপ্লেটটি আপনার পরিকল্পনা সম্পর্কে চিন্তাভাবনা সংগঠিত করতে সাহায্য করবে, কিন্তু এটির এখানেই শেষ নয়।

আপনার SDP গড়ে তোলার প্রক্রিয়াটি স্কুল ও জনসমাজের মধ্যে অংশীদারিত্বগুলি শক্তিশালী করার মাধ্যমে জনসমাজকে অংশগ্রহণে এবং দায়িত্ব বন্টনে উৎসাহ দেয়। এছাড়াও এটি চলতে থাকা স্ব-পর্যালোচনা ও দায়বদ্ধতায় সহায়তা করে। এটি এমন একটি নথি যা পরিচালনা ও দায়বদ্ধতার অংশ হিসাবে প্রয়োজন হয়, তবে উন্নতিসাধন করা, কার্যে পরিণত করা, নজরদারী করা এবং মূল্যায়ন করার

প্রক্রিয়াটিই হল সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক। সবশেষে, শিক্ষাদান ও শিক্ষালাভের গুণমান উন্নত করার মাধ্যমে শিক্ষার্থীদের সাফল্য বৃদ্ধি করার উচ্চাকাংক্ষার দ্বারা একটি SDP চালিত হয়।

এই ইউনিটটি নেতৃত্বের পরিপ্রেক্ষিত মূল ক্ষেত্রটির সঙ্গে সম্পর্কযুক্ত ইউনিটগুলির একটি সেট বা সমষ্টির অংশ (ন্যাশনাল কলেজ অফ স্কুল লিডারশিপ-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ)। আপনার জ্ঞানবৃদ্ধি এবং দক্ষতা তৈরি করতে এই গুচ্ছের অন্য ইউনিটগুলোর দিকে এর পরে নজর দিলে লাভবান হতে পারেন।

- *আপনার বিদ্যালয়ের জন্য একটি সর্বজনীন দূরদৃষ্টি গড়ে তোলা*
- *বিদ্যালয়ের স্ব-পর্যালোচনায় নেতৃত্বদান করা*
- *আপনার বিদ্যালয়ের উন্নতি ঘটানোর জন্য বৈচিত্র্য সংক্রান্ত তথ্য ব্যবহার করা*
- *আপনার বিদ্যালয়ে পরিবর্তনের পরিকল্পনা করা ও তাতে নেতৃত্ব দেওয়া*
- *আপনার স্কুলে পরিবর্তন সাধন করা।*

সম্পদসমূহ

সম্পদ 1: SDP টেমপ্লেট

সারণি R1.1 একটি উদাহরণ হিসাবে একটি সম্পূর্ণ করা SDP দেখায়। সারণি R1.2 আপনার নিজের ব্যবহারের জন্য একটি ফাঁকা টেমপ্লেট।

সারণি R1.1 *স্কুল উন্নয়ন পরিকল্পনা - সম্পূর্ণ করা উদাহরণ।*

উন্নয়ন সংক্রান্ত অগ্রাধিকার	বিস্তারিত কাজগুলি	দায়িত্বশীল ব্যক্তি	সময়সীমা	যে সকল সম্পদ প্রয়োজন	সাফল্যের মানদন্ড
স্কুলে ছাত্রীদের উপস্থিতি বৃদ্ধি করুন	ছাত্রীদের সাফল্য ও সম্ভাবনা প্রদর্শন করার জন্য তাদের করা কাজগুলির নিদর্শন নিয়ে পরিবারগুলির সঙ্গে দেখা করুন	স্কুল প্রধান	এই পর্যায়ে	সময় বের করা	মা-বাবারা প্রভাবিত হয়েছেন এবং তাদের মেয়েদের স্কুলে যেতে উৎসাহ দেন
	ছাত্রীদের আত্মমর্যাদা গড়ে তুলতে পাঠগুলিতে কার্যকৌশলগুলি ব্যবহার করুন	সকল শিক্ষক	অবিলম্বে	TESS-INDIA ইউনিটগুলি	ছাত্রীরা সক্রিয়ভাবে পাঠগুলিতে অংশ নেয় (লার্নিং ওয়ার্কগুলি থেকে প্রমাণ আছে)
	স্কুলে সন্ধ্যায় একটি পেশা বিষয়ক আলোচনা পরিচালনা করুন এবং সফল মহিলা ব্যবসায়ীদের আমন্ত্রণ জানান	সাংগে	অক্টোবর (প্রধান পরীক্ষাগুলির আগে)		অনুষ্ঠানে উপস্থিতি ভাল ছিল
	ছাত্রীদের শৌচালয়গুলি মেরামত করান এবং সমস্ত দরজাগুলি যেন আটকানো যায় এবং শৌচালয়ে ফ্লাশ করা যায় তা সুনিশ্চিত করুন	মোসেস	অবিলম্বে	উপাদানগুলি গড়ে তোলা	শৌচালয়গুলি ভাল অবস্থায় আছে

সারণি R1.2 *স্কুল উন্নয়ন পরিকল্পনা - ফাঁকা টেমপ্লেট।*

সাফল্যের মানদন্ড				
যে-সকল সম্পদ প্রয়োজন				
সময়সীমা				
দায়িত্ব থাকা ব্যক্তি				
বিস্তারিত কাজগুলি				
উন্নয়ন সংক্রান্ত অগ্রাধিকার				

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

American India Foundation (2011) *School Management Committee and the Right to Education. Act 2009: Resource Material for SMC Training*. New Delhi: American Indian Foundation. Available from: http://aif.org/wp-content/uploads/2012/08/SMCBook1.pdf (accessed 19 December 2014).

Amuthenu, N. et al. (2002) *Module 6: School Development Planning*. Ministry of Basic Education, Sport and Culture, Namibia: National Institute for Educational Development.

Bergeson, T. (2005) *School Improvement Planning: Process Guide*, 3rd edn. Olympia, WA: Office of Superintendent of Public Instruction. Available from: http://k12.wa.us/StudentAndSchoolSuccess/SIPGuide/SIPGuide.pdf (accessed 19 December 2014).

Cooke, D. and Vanstone, A.,(2000) *School Improvement Planning: A Handbook for Principals, Teachers, and School Councils*. Toronto: Education Improvement Commission. Available from: http://www.edu.gov.on.ca/eng/document/reports/sihande.pdf (accessed 19 December 2014). The Education Improvement Commission is an arm's-length agency of the Ontario Ministry of Education.

Department of Education (2005) *School Development Planning*. London: Department of Education. Available from: http://www.deni.gov.uk/sdp_guidance-2.pdf (accessed 19 December 2014).

Emile, R. and Andre, G. (2010) *School Planning for Secondary Schools in Rwanda*. Republic of Rwanda: MINEDUC-School Management.

Govinda, R. and Bandyopadhyay, M. (2008) *Access to Elementary Education in India: Country Analytical Review*. Falmer: CREATE. Available from: http://core.kmi.open.ac.uk/download/pdf/2709559.pdf (accessed 19 December 2014).

Govinda, R. and Bandyopadhyay, M. (2010) *Changing Framework of Local Governance and Community Participation in Elementary Education in India*. Falmer: CREATE. Available from: http://www.create-rpc.org/pdf_documents/PTA35.pdf (accessed 19 December 2014).

Harvey, S., Pittman, M., Thomas, M. and Tiguryera, S. (2007) *Education Management Strengthening Initiative: Managing For Quality. Module 2 – Managing School Improvement*. Uganda: Ministry of Education and Sports. Available from: http://uphold.jsi.com/Docs/Resources/Training/Education/education_management_strengthening_initiative_module2.pdf (accessed 19 December 2014).

McKinsey & Co. (2007) 'How the world's best-performing school systems come out on top' (online). Available from: http://mckinseyonsociety.com/how-the-worlds-best-performing-schools-come-out-on-top/ (accessed 19 December 2014).

Mishra, A.K., Akhtar, N. and Tarika, S. (2011) 'Role of the Panchayati Raj institutions in rural development (an analytical study of Uttar Pradesh)', *SMS Varanasi*, vol. 8, no. 1, pp. 44–53. Available from: http://tinyurl.com/olj3juz (accessed 19 December 2014).

Mukhopadhyay, R., Ramkumar, R. and Vasavi, A.R. (2009) *Management of Elementary Education Structures and Strategies*. New Delhi: NUEPA.Available from: http://www.educationforallinindia.com/management-of-elementary-education-in-india.pdf (accessed 19 December 2014).

National Council of Educational Research and Training (NCERT) (2005) *National Curriculum Framework 2005* (NCF). New Delhi: National Council of Educational Research and Training. Available from: http://www.teindia.nic.in/files/ncf-2005.pdf (accessed 19 December 2014).

Professional Development Service for Teachers (undated) 'The six step process' (online). Available from: http://cmsold.pdst.ie/node/804 (accessed 17 December 2014).

School Development Planning Initiative (1999) *School Development Planning: An Introduction to Second Level Schools*. Ministry of Education and Science: Government of Ireland. Available from: http://www.cavanvec.ie/PublicationFiles/SDPI_Book.pdf (accessed 19 December 2014).

Student Council Report (undated) 'The student council liaison teacher and the student council' (online). Available from: http://www.studentcouncil.ie/Running (accessed 19 December 2014).

Upadhyaya, H.P., Lamihhane, S., Awasthi, L.D., Dubey, N., Acharya, P. and Shrestha, O.M. (2005) *Implementation of School Improvement Plan: Identification of Successful Cases*. Balkhu: Research Centre for Educational Innovation and Development, Tribhuvan University. Available from: http://tinyurl.com/orkrtv8 (accessed 19 December 2014).

Zaidi, S.M.I.A., Biswal, K., Mohanty, N.K. and Lal, A.A.C. (2011) *Secondary Education: Planning and Appraisal Manual*. New Delhi: NUEPA.Available from: http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/Planning%20And%20Appraisal%20Manual%20(%20NUEPA).pdf (accessed 19 December 2014).

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদান এবং নীচে বিবৃত বিষয় ব্যতীত, এই বিষয়বস্তুটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ। (http://creativecommons.org/licenses/by-sa/3.0/).নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবলমাত্র TESS-INDIA প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-INDIA, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

কপিরাইট স্বত্বাধিকারীদের সঙ্গে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সংশোধনের জন্য সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।